

**CLASS : V**  
**SUBJECT : 2<sup>ND</sup> LANGUAGE BENGALI (বাংলা)**  
গদ্য : মাতৃভঙ্গি - সৈশ্বরচন্দ্ৰ বিদ্যাসাগর

গদ্যের বিষয়বস্তু :

সৈশ্বরচন্দ্ৰ বিদ্যাসাগর মহাশয়ের লেখা ‘মাতৃভঙ্গি’ গল্পে এক সুবোধ বালকের মাতৃভঙ্গির পরিচয় পাওয়া যায়। ক্ষট্টল্যান্ডের নিকট উক্তী নগরে এক দরিদ্রা নারী অতি কষ্টে তার সন্তানকে পালন ও শিক্ষিত করে তুলেছিলেন। বালকটির যখন বারো বৎসর বয়স তখন তার মা পক্ষাঘাতে শয্যাশয়ী হলেন। ছেলেটি তার মায়ের পরিশ্রমের যথার্থ প্রতিদান দিয়েছিল। তার অসুস্থ মায়ের সেবাযত, ভরণপোষণের জন্য কারখানায় কাজ নিয়েছিল। ছেলেটি কাজে যাবার আগে তার ও মায়ের খাবার তৈরী করে মাকে খাইয়ে, নিজে খেয়ে, মায়ের প্রয়োজনীয় সমস্ত জিনিস তার মায়ের পাশে রেখে তবে সে কারখানায় যেত। তার অনুপস্থিতিতে সহজ বই পড়ে যাতে মায়ের সময় কাটে সেই জন্য বালকটি তার মাকে লেখাপড়া শিখিয়েছিল। এই ছেলের সম্পন্ন লেখক বলেছেন যে ছেলেটি যদি এই রকম মাতৃভঙ্গি না হত তবে তার মায়ের দুর্দশা আরও বাঢ়ত। প্রতিবেশীরা অল্পবয়সী বালকের এই রকম বুদ্ধি, বিবেচনা, আচরণ ও মাতৃভঙ্গি দেখে তার প্রশংসা করেছিল।

# **WORKSHEET**

**প্রঃক) সংক্ষিপ্ত উত্তরধর্মী প্রশ্নাবলী :-**

- ১) দরিদ্রা নারী কোথায় বাস করতেন এবং তার কয়টি সন্তান ছিল?
- ২) পুত্রের কত বছর বয়সে তার মা কি অসুখে পড়েছিলেন?
- ৩) ছেলেটি কারখানায় কাজ নিল কেন?
- ৪) ছেলেটি তার মাকে লেখাপড়া শেখালো কেন?
- ৫) ‘মাতৃভক্তি’ গল্পে কিসের পরিচয় পাওয়া যায়?

**প্রঃখ) জ্ঞানমূলক ও রচনাধর্মী প্রশ্নাবলী :-**

- ১) দরিদ্রা মা তার ছেলেকে মানুষ করার জন্য অনেক কষ্ট ও পরিশ্রম করতেন কেন? ছেলেটি তার মায়ের পরিশ্রমের উপযুক্ত মর্যাদা কিভাবে দিয়েছিল?
- ২) মাতৃভক্তি এরকম ছেলের সম্পন্নে লেখক কী মন্তব্য করেছেন এবং প্রতিবেশীরা কি দেখে ছেলেটিকে সাধুবাদ দিয়েছিলেন?

**প্রঃগ) নীচের শব্দগুলির অর্থ লেখ :-**

ক্ষমতা, সাধুবাদ, উপার্জন, পক্ষাঘাত, প্রতিবেশী।

**প্রঃঘ) বিপরীত শব্দ লেখো :-**

ক্লেশ, সুবোধ, সংঘর্ষ, ক্ষমতা, সম্মিলিত

**প্রঃঙ) বাক্যরচনা কর :-**

অন্তঃপাতী, বয়ঃক্রম, উদ্বৃত্ত, পরিশ্রম, অনাহারে

**প্রঃচ) সঠিক উত্তর বন্ধনীর মধ্য থেকে বেছে নিয়ে লেখ :-**

- ১) ছেলেটি কাজ করতো (বিদ্যালয়ে/ কারখানায়)।
- ২) ছেলেটিকে সাধুবাদ জানান (প্রতিবেশীরা/ অধ্যক্ষ)।
- ৩) কার অনুমতিক্রমে বালকটি কাজ শুরু করলো। (মা/প্রতিবেশীদের/অধ্যক্ষ)।

**প্রঃছ) সঞ্চি বিচ্ছেদ করো :-**

সংঘর্ষ, তব্দারা, গ্রাসাচ্ছাদন, গৃহসংক্রান্ত, বয়ঃক্রম।

**প্রঃজ) নীচের বাক্যগুলির উদ্দেশ্য ও বিধেয় নির্ণয় কর :-**

- ১) ইনি অনেক কষ্টে আমায় লালন পালন করিয়াছেন।
- ২) সে প্রতিদিন সন্ধ্যাকালে গৃহে আসিত।
- ৩) সেই সুবোধ বালক এক সম্মিলিত কারখানায় উপস্থিত হয়েছিল।

- প্রঃৰা) নীচে দাগ দেওয়া শব্দগুলো কোনটা কি পদ লেখ :-
- ক) তাহার একমাত্র শিশুসন্তান ছিল।
- খ) লেখাপড়া না শিখিলে মুর্খ হইবে ও চিরকাল দুঃখ পাইবে।
- গ) ইনি অনেক কষ্টে আমায় লালন -পালন করিয়াছেন।
- ঘ) সুতরাং সমস্তদিন একাকিনী শয্যায় পতিত থাকিয়া কষ্টে কাল যাপন করিতেন।
- প্রঃৰ৩) বাড়ির কাজ :- (প্রশ্নাবলীর নম্বর দেখে উত্তর লেখো) গদ্যাংশ ‘মাতৃভক্তি’  
ঈশ্বরচন্দ্ৰ বিদ্যাসাগর (পাঠ অভ্যাস Pg ৫৫)
- প্র২। নৈর্ব্যভিক ও ব্যাকরণভিত্তিক প্রশ্নাবলি :-
- (ঘ) শূন্যস্থান পূৱণ কৰো :-
- (ঙ) সঠিক উত্তর বন্ধনীৰ মধ্যে থেকে বেছে নিয়ে লেখো:-